অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো নিউ ইয়র্ক স্টেটে আরও 13 টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করেছেন- যা স্টেটব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 89-তে উন্নীত করে

গভর্নর পরিচ্ছন্নতার রসদ এবং পরীক্ষার সরঞ্জামাদি দ্রুত সরবরাহের জন্য আজ সকালে জরুরি অবস্থা ঘোষণা করেছিলেন

প্রাদুর্ভাবের সাথে সম্পর্কিত অবৈধ মূল্যবৃদ্ধির ব্যাপারে তদন্তের নির্দেশনা দিয়েছেন - ভোক্তাগণ সন্দেহজনক মূল্যবৃদ্ধির ব্যাপারে 1-800-697-1220-এ কল করে অভিযোগ করতে পারবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো পূর্বাহ্নে তার সর্বশেষ তথ্যদানের পরে পরে নিউ ইয়র্ক স্টেটে আরও 13টি করোনাভাইরাসের ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন আজ, যা স্টেট জুড়ে মোট আক্রান্তের সংখ্যাকে 89-তে উন্নীত করেছে। 13টি নতুন ঘটনা যেগুলো গভর্নরের সর্বশেষ তথ্য সংযোজনের পরে নিশ্চিত করা হয়েছে সেগুলো ওয়েস্টচেস্টার কাউন্টিতে অবস্থিত।

নিউ ইয়র্ক স্টেটে মোট 89 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

ওয়েস্টচেস্টারছ: 70
নিউ ইয়র্ক সিটি: 11
নাসাউ: 4
রকল্যান্ড: 2
সারাটোগা: 2

"আমরা সংক্রামিত ব্যক্তিদের খুঁজে পেতে এবং ভাইরাসের সংক্রমণ নিয়ন্ত্রণে সহায়তা করতে যত তাড়াতাড়ি সম্ভব আরও পরীক্ষা করার জন্য কাজ করছি," **গভর্নর কুওমো বলেন।** "আরও বেশি ঘটনা পাওয়া যাবে যেহেতু আমরা আরও বেশি লোকের পরীক্ষা-নিরীক্ষা করছি - এটি একটি ভাল দিক কারণ তখন আমরা আরও তথ্যের ভিত্তিতে পরিস্থিতি মোকাবেলা করতে সক্ষম হব। আমরা জানি যে আক্রান্তদের প্রায় 80 শতাংশ আপনা-আপনি সুস্থ হয়ে যাবেন। উদ্বেগ নিয়ন্ত্রণের সেরা উপায় হল সরকারের নিরঙ্কুশ সক্ষমতা প্রদর্শন করা এবং আমরা ঠিক সেটিই করছি।"

আজ দিনের প্রথম দিকে নভেল করোনাভাইরাস সম্পর্কিত এক ব্রিফিংয়ের সময় গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো ঘোষণা করেছিলেন যে তিনি জরুরি অবস্থা জারি করেছেন নিউ ইয়র্ককে আরও দ্রুত এবং কার্যকরভাবে ভাইরাসের বিস্তার নিয়ন্ত্রণে সহায়তা করতে। জরুরি অবস্থার ঘোষণা অনুমতি দেয়, অন্যান্য বিষয়সহ:

- পরিচ্ছন্নতার রসদ, হাতের জীবাণুনাশক এবং অন্যান্য প্রয়োজনীয় সংস্থানসমূহ দ্রুত সরবরাহ করা
- রোগ নির্ণয়ের জন্য ডাক্তার এবং নার্স ব্যতীত যোগ্য পেশাদারদের অনুমতি দেওয়া
- পরীক্ষার রসদ ও সরঞ্জামাদি দ্রুত সরবরাহ করা
- কর্মীদের দ্রুত নিযুক্ত করা
- গবেষণাগারের স্থানের দ্রুত ইজারা দেওয়া
- জরুরী চিকিৎসা সেবা (Emergency medical services, EMS) কর্মীদের রোগীদের কেবল হাসপাতাল ছাড়া অন্য পৃথকীকরণের স্থানে পরিবহণের অনুমতি দেয়া
- অযাচিত মূল্যবৃদ্ধি এবং প্রয়োগের তদন্তের সুস্পষ্ট ভিত্তি সরবরাহ করা

অধিকন্তু, গভর্নর আজ নিউ ইয়র্ক স্টেট অধিদপ্তরের স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগকে (New York State Department of State's Consumer Protection Division) নির্দেশ দিয়েছেন যে নভেল করোনাভাইরাসের প্রাদুর্ভাবের মাঝে ভোগ্য পণ্য যেমন গৃহস্থালির পরিচ্ছন্নতার রসদ ও হাতের জীবাণুনাশকের অনুপযোগী মূল্য বৃদ্ধির প্রতিবেদনগুলির তদন্ত শুরু করার জন্য এবং সূচনা করেছেন একটি টোল-মুক্ত হটলাইন - 1-800-697-1220 - নিউ ইয়র্কবাসীদের সন্দেহজনক দাম বৃদ্ধির অভিযোগ করার জন্য।

ভোক্তা সুরক্ষা বিভাগ একটি অনলাইন ভোক্তা অভিযোগ ফর্মও তৈরি করেছে, যেখানে নিউ ইয়র্কবাসীরা সন্দেহজনক দাম নির্ধারণ বা পরিমাণের অনুপযুক্ত বিতরণ সম্পর্কে উদ্বেগ জানাতে পারবেন। অভিযোগ দায়ের করতে ইচ্ছুক গ্রাহকরা ভিজিট করতে পারেন https://www.dos.ny.gov/consumerprotication/।

সমস্ত বিশ্বাসযোগ্য অভিযোগ নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিসে প্রেরণ করা হবে।

গতকাল এক ব্রিফিং-এ, গভর্নর কুউমো ভ্রমণ বীমাদানকারী সংস্থাসমূহ এবং ভ্রমণ এজেন্টগণ নিউ ইয়র্কের বাসিন্দাদের এবং ব্যবসায়ীদের ভ্রমণ পরিকল্পনা করার সময় কভারেজ ক্রয়ের সুযোগ দেবে বলে ঘোষণা করেছিলেন যা তাদের করোনাভাইরাস ডিজিজ 2019 (COVID-19) সম্পর্কিত কারণসমূহ সহ, যে কোনও কারণে ভ্রমণ বাতিল করার সুযোগ দেয়।

আর্থিক পরিষেবা অধিদপ্তর (Department of Financial Services, DFS) নির্দেশিকা জারি করেছে নিউ ইয়র্ক স্টেটে এই জাতীয় নীতিগুলো উপলভ্য নয় বলে DFS'র ভোক্তাদের অভিযোগ পাওয়ার পরে ভ্রমণ এজেন্ট এবং ভ্রমণ বীমাদানকারীদের এই ধরণের কভারেজ সরবরাহ করার এখতিয়ার দান করে। এই নতুন পদক্ষেপটি নিউ ইয়র্কের ব্যবসা এবং বাসিন্দাদের আশ্বাস প্রদানের জন্য নকশা করা

হয়েছে যারা পরিকল্পনা করতে চাইছেন এমন স্থানে ভ্রমণের যা COVID-19-এর কারণে ভ্রমণ উপদেশের বহির্ভূত।

ছয়টি বৈশ্বিক এবং জাতীয় বীমা সংস্থা ভ্রমণকারীদের "ক্যান্সেল ফর এনি রিজন" কভারেজ সরবরাহ করতে সম্মত হয়েছে, যার মধ্যে আছে: আলিয়াঞ্জ (Allianz), ন্যাশনওয়াইড (Nationwide), স্টার ইনডেমনিটি (Starr Indemnity), বার্কশায়ার (Berkshire), ক্রাম অ্যান্ড ফর্স্টার (Crum & Forster), এবং জুরিখ (Zurich)।

DFS নিউ ইয়র্ক স্টেটে ভ্রমণ বীমাদানকারীদের তাদের নীতিগুলি কিনেছে এমন ব্যক্তি এবং ব্যবসায়ের কাছে সক্রিয়ভাবে যোগাযোগ করার জন্য নির্দেশনা দিয়েছিল কি অন্তর্ভূক্ত আছে তা জানানোর জন্য।

অনুলিপি পড়ুন DFS বীমা নির্দেশিকা পত্রের।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন